

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/ ১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৬৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘জাতীয়
অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)’ নিম্নরূপে পুনর্গঠন করেছে :

১.১। কমিটির গঠন :

- | | |
|--|---------------|
| (১) জনাব তারেক রহমান প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | সভাপতি |
| (২) মির্জা ফখরুল ইসলাম আলমগীর মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | বিকল্প সভাপতি |
| (৩) জনাব আমীর খসরু মাহমুদ চৌধুরী মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| (৪) জনাব সালাহউদ্দিন আহমদ মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৫) জনাব ইকবাল হাসান মাহমুদ মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |

(১৪২১৭)

মূল্য : টাকা ৪.০০

| | |
|---|--------|
| (৬) ড. খলিলুর রহমান মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৭) খন্দকার আব্দুল মুক্তাদির মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৮) জনাব মোঃ আসাদুজ্জামান মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৯) সরদার মোঃ সাখাওয়াত হোসেন মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (১০) শেখ রবিউল আলম মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| (১১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী | সদস্য। |

১.২। **সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- (৩) সচিব, অর্থ বিভাগ
- (৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- (৫) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- (৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- (৭) সচিব, পরিকল্পনা বিভাগ
- (৮-১৩) পরিকল্পনা কমিশনের সদস্যগণ
- (১৪) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৩। **কমিটির কার্যপরিধি :**

- (১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) এবং টেকনিক্যাল এসিস্ট্যান্স প্রজেক্ট প্রপোজাল (টিএপিপি)/ টেকনিক্যাল প্রজেক্ট প্রপোজাল (টিপিপি) বিবেচনা ও অনুমোদন;

- (২) সরকারি খাতে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে মোট বিনিয়োগ ব্যয় সংবলিত প্রকল্পসমূহে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন;
 - (৩) উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
 - (৪) বেসরকারি উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণমূলক বিনিয়োগ কোম্পানিসমূহের প্রস্তাব বিবেচনা;
 - (৫) দেশের অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ এবং সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও এর সঙ্গে সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা; এবং
 - (৬) বৈদেশিক সহায়তার বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা।
- ১.৪। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
 - ১.৫। পরিকল্পনা বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
 - ১.৬। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৩৫ স্মারকের অনুবৃত্তিক্রমে প্রজ্ঞাপন জারি করা হলো।
 - ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ০২-২২৬৬৪১০০১

e-mail: addl_ce@cabinet.gov.bd